



অফিস আদেশ

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০৬.১২- ৯০ -

তারিখ : ২৪-০২-২০১৯ খ্রিষ্টাব্দ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ: ০৪/০২/২০১৬ মোতাবেক রাজস্ব খাতভুক্ত বৃত্তির সংখ্যা/কোটা ও টাকার পরিমাণ পুনঃনির্ধারণ সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে নিম্নে উল্লিখিত সংখ্যা ও হার মোতাবেক স্নাতক (সম্মান) ও স্নাতক (পাশ) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে বৃত্তি প্রদানের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থ বছরে ০৮টি পাবলিক বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে “মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তির” বিশ্ববিদ্যালয় ভিত্তিক বন্টন করা হলো।

স্নাতক (সম্মান) :

ক্রমিক	বিশ্ববিদ্যালয়ের নাম	মেধাবৃত্তি			সাধারণ বৃত্তি			বৃত্তির মেয়াদকাল
		মেধাবৃত্তির সংখ্যা	বৃত্তির হার (মাসিক)	এককালীন অনুদান (বাৎসরিক)	সাধারণ বৃত্তির সংখ্যা	বৃত্তির হার (মাসিক)	এককালীন অনুদান (বাৎসরিক)	
১.	ঢাকা বিশ্ববিদ্যালয়	৩৫	১১২৫.০০	১৮০০.০০	১৮৭৫	৪৫০.০০	৯০০.০০	০১(এক) বছর
২.	রাজশাহী বিশ্ববিদ্যালয়	২৬			৯৮৪			
৩.	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়	১৮			৫৬২			
৪.	জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়	১৬			২৮১			
৫.	শাহজালাল বিশ্ববিদ্যালয়	১২			১৪১			
৬.	খুলনা বিশ্ববিদ্যালয়	১২			১৪১			
৭.	জাতীয় বিশ্ববিদ্যালয়	১৮			৩৭৫			
৮.	ইসলামী বিশ্ববিদ্যালয়	১৩			১৪১			
মোট বৃত্তির সংখ্যা =		১৫০			৪৫০০			

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণাধীন স্নাতক (পাশ) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে :

মেধাবৃত্তি			সাধারণ বৃত্তি			বৃত্তির মেয়াদকাল
মেধাবৃত্তির সংখ্যা	বৃত্তির হার (মাসিক)	এককালীন অনুদান (বাৎসরিক)	সাধারণ বৃত্তির সংখ্যা	বৃত্তির হার (মাসিক)	এককালীন অনুদান (বাৎসরিক)	
মোট মেধাবৃত্তির সংখ্যা ০৯(নয়) টি, জাতীয় ভিত্তিক	১০৫০.০০	১৮০০.০০	মোট সাধারণ বৃত্তির সংখ্যা ৩০০টি, প্রতি জেলায় ২টি ছাত্র এবং ২টি ছাত্রী বন্টন করে অবশিষ্ট ৪৪টি বৃত্তি মেধার ভিত্তিতে বন্টন হবে।	৩৭৫.০০	৬০০.০০	০২(দুই) বছর

শর্তাবলী :

- জাতীয় মেধার ভিত্তিতে বৃত্তি প্রাপ্তদের তালিকা প্রস্তুত করতে হবে।
- বৃত্তির তালিকা প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী অনুপাতে মেধা এবং সাধারণ বৃত্তি ৫০% ছাত্র এবং ৫০% ছাত্রী হিসেবে বন্টন হবে। তবে যোগ্য ছাত্রী না পাওয়া গেলে যোগ্য ছাত্র কে সম্পূর্ণ বৃত্তি দেয়া যাবে।
- বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী উচ্চতর শ্রেণিতে অধ্যয়নের জন্য ভর্তি হলেই কেবল বৃত্তি ভোগের যোগ্য হবেন।
- শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সরকার নির্ধারিত বিল ফরমে বৃত্তি খাতের কোড নম্বর উল্লেখ পূর্বক বিল প্রস্তুত করে উপজেলার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং মহানগরের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কার্যালয়ে বিল জমা দিয়ে চেক সংগ্রহ করবেন।
- এই বৃত্তির ব্যয় চলতি (২০১৮-২০১৯) অর্থ বছরের রাজস্ব বাজেটের “১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭” বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে।
- বৃত্তির গেজেটে উল্লিখিত বৃত্তির খাত/কোড নম্বর সঠিকভাবে মুদ্রণ করতে হবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বৃত্তির নীতিমালা অনুসরণ করে উল্লিখিত বন্টন মোতাবেক বৃত্তির গেজেট প্রকাশ পূর্বক প্রকাশিত বৃত্তির গেজেটের হার্ড কপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে এবং পূর্ণাঙ্গ ০১ (এক) সেট (হার্ড কপি) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।
- রাজস্ব খাতভুক্ত মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি সংক্রান্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের নির্ধারিত লিংকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের গেজেটের তালিকা প্রকাশ করতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক


প্রাপক :
রেজিস্ট্রার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/শাহজালাল/খুলনা/ইসলামী/ জাতীয় বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০৬.১২- ৯০ (৯)

তারিখ : ২৪-০২-২০১৯ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক, কলেজ ও প্রশাসন/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ নং পুরানা পল্টন, ঢাকা।
০৫. বিভাগীয় কম্পিউটার অব একাউন্টস/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
“২০১৮-২০১৯ অর্থ বছরে স্নাতক (সম্মান) ও স্নাতক (পাশ) পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে বৃত্তির কোটা বন্টনের অফিস আদেশ” শিরোনামে পত্রটি মাউশি’র ওয়েব সাইটে (www.dshe.gov.bd)>সাধারণ বিজ্ঞপ্তি>আদেশ” প্রকাশের অনুরোধসহ
০৭. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৮. সংরক্ষণ নথি


(প্রফেসর নুরশীদ আলম)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেল ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন: ৯৫৭৩৮৪২